

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬ ১২
কমলপুর, ১৮ জানুয়ারি, ২০২৪

প্রজাতন্ত্র দিবস : কমলপুরে প্রস্তুতি সভা

আগামী ২৬ জানুয়ারি কমলপুর মহকুমায় প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে মহকুমা শাসক কার্যালয়ে সম্পত্তি এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন কমলপুর নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা, ভাইস চেয়ারপার্সন সুব্রত মজুমদার, নগরপঞ্চায়েতের কাউন্সিলারগণ, বিভিন্ন দপ্তরের আধিকারিক, বিভিন্ন সামাজিক সংস্থা ও ক্লাবের প্রতিনিধিগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে আগামী ২১ জানুয়ারি ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস, ২৩ জানুয়ারি নেতাজী জন্মায়ন্ত্রী ও ২৬ জানুয়ারি প্রজাতন্ত্র দিবস উদযাপন উপলক্ষে বসে আঁকো প্রতিযোগিতা, স্বচ্ছতা র্যালী ও সাফাই অভিযান সংঘটিত হবে। পূর্ণ রাজ্য দিবস উপলক্ষে ‘ক্লিন ত্রিপুরা ফিট ত্রিপুরা’ স্লোগান নিয়ে দৌড়, দুর্গা চৌমুহনী ও সালেমা রাকে আলোচনাচক্র ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। ২৬ জানুয়ারি প্রজাতন্ত্র দিবস উদযাপনের মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে কমলপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে।
